# রাজশাহী সিটি কর্পোরেশন
রাজশাহী

অদ্য ২২/০১/২০২৪ ইং তারিখ  সোমবার বেলা ১২.৩০ টায় শিক্ষা, স্বাস্থ্য, পরিবার পরিকল্পনা এবং স্বাস্থ্য রক্ষা ব্যবস্থা স্থায়ী কমিটির ২য়(দ্বিতীয়) সভা সরিৎ দত্ত গুপ্ত সেমিনার কক্ষে নিম্নের আলোচ্যসূচির ভিত্তিতে অনুষ্ঠিত হয়। সভায় সভাপতিত্ব করেন শিক্ষা, স্বাস্থ্য, পরিবার পরিকল্পনা এবং স্বাস্থ্য রক্ষা ব্যবস্থা স্থায়ী কমিটির সভাপতি জনাব মোঃ তৌহিদুল হক (সুমন) ও সম্মানিত কাউন্সিলর, ওয়ার্ড- ১৯, রাজশাহী সিটি কর্পোরেশন।

**সভায় উপস্থিত সদস্যবৃন্দের হাজিরা 'ক' পরিশিষ্টে উল্লেখ আছে।**

আলোচ্য সূচি- ১ ঃ **স্বাস্থ্য বিভাগের সাথে সংশ্লিষ্ট এনজিও সমুহের কার্যক্রম এবং তার বিবরণ প্রসঙ্গে।**

**আলোচনা ঃ** সভার শুরুতেই সভাপতি মহোদয় সভায় উপস্থিত সকলকে সালাম জানিয়ে সভার কাজ শুরু করেন। সভার  আলোচ্য সূচি অনুযায়ী সভা পরিচালনার জন্য সভাপতি মহোদয় সদস্য সচিবকে অনুরোধ জানান। সদস্য সচিব উপস্থিত সকলকে শুভেচ্ছা জানিয়ে সভার কাজ শুরু করেন। স্বাস্থ্য বিভাগের সাথে সংশ্লিষ্ট আরবান প্রাইমারী হেল্থ কেয়ার সার্ভিসেস ডেলিভারী প্রকল্প ২য় পর্যায়টি ১৯৯৮ সাল থেকে মেয়াদ ভিত্তিক বিভিন্ন ফেজ আকারে ২টি এনজিও যথাক্রমে ১। ঢাকা আহছানিয়া মিশন (ড্যাম), পিএ-১ এবং নারী মৈত্রী পিএ-২ এর মাধ্যমে পরিচালিত হয়ে নগরবাসীর স্বাস্থ্যসেবা প্রদান করে আসছে। এছাড়া ডাব্লিউএইচও ইপিআই কাজে সহায়তা, লফ্স- ধুমপান ও তামাক নিয়ন্ত্রণ কার্যক্রম, রেড ক্রিসেন্ট ডেঙ্গু বিষয়ক কার্যক্রম পরিচালনায় আমাদের সাথে সম্পৃক্ত আছে। এছাড়াও রিক, তিলোত্তমা, কারিতাস, ইউনিসেফ ও জিআইজেড বিভিন্ন প্রোগ্রাম নিয়ে সিটি এলাকায় কাজ করে। তারা আমাদের সঙ্গে সরাসরি সম্পৃক্ত নয়।

**সিদ্ধান্ত ঃ**

আগামীতে উক্ত সম্পৃক্ত এনজিও সমুহের লোকবল ও কার্যক্রমের বিস্তারিত তথ্য সংগ্রহ সাপেক্ষে উক্ত প্রতিষ্ঠানের প্রতিনিধিদের নিয়ে আলোচনার মাধ্যমে সেবা সমূহ প্রদানের সিদ্ধান্ত গৃহীত হয়।

আলোচ্যসূচি- ২ ঃ **স্বাস্থ্য শাখা/ স্বাস্থ্য ও সংক্রামক ব্যাধি নিয়ন্ত্রণ শাখা/প্রাথমিক স্বাস্থ্য কার্যক্রমের HR সম্পর্কে আলোচনা প্রসঙ্গে।**

**আলোচনা ঃ** সভায় সদস্য সচিব স্বাস্থ্য শাখা/ স্বাস্থ্য ও সংক্রামক ব্যাধি নিয়ন্ত্রণ শাখা/প্রাথমিক স্বাস্থ্য কার্যক্রমের HR সম্পর্কে তথ্য উপস্থাপন করেন।

| ক্রমিকি নং | পদের নাম ও সংখ্যা | মোট | স্থায়ী | অস্থায়ী | বেতন এই শাখাতে কিন্তু কর্মরত আছে অন্য শাখায় (সংখ্যা) (যদি থাকে) | বেতন অন্য শাখাতে কিন্তু কর্মরত আছে এই শাখাতে (সংখ্যা) (যদি থাকে) | মন্তব্য |
|---|---|---|---|---|---|---|---|
| ১. | স্বাস্থ্য কর্মকর্তা | ০১ | ০১ | | সিটি হাসপাতাল শাখায় কর্মরত। | | |
| ২. | মেডিক্যাল অফিসার | ০১ | | ০১ | ” | | |
| ৩. | ফুড এন্ড স্যানিটেশন অফিসার | ০১ | - | ০১ | | এফএসও | |
| ৪. | হোমিও চিকিৎসক | ০১ | | ০১ | | | |
| ৫. | স্বাস্থ্য শিক্ষা কর্মকর্তা | ০১ | | ০১ | | | |
| ৬. | অফিস সহকারী কাম কম্পিউটার মুদ্রাক্ষরিক | ০১ | ০১ | | রেকর্ড শাখায় কর্মরত | | |
| ৭. | কম্পিউটার অপারেটর | ০১ | | ০১ | | | |
| ৮. | ডাটা অপারেটর | ০১ | | ০১ | উন্নয়ন শাখা কর্মরত | | |
| ৯. | অফিস সহকারী | ০৩ | | ০৩ | সিটি হাসপাতাল শাখয় কর্মরত। মোট= ১ঁজন | | |
| ১০. | হিসাব সহকারী | ০১ | | ০১ | | | |
| ১১. | রোগ নিরীক্ষণ সহকারী | ০২ | | ০২ | | | |
| ১২. | কেন্দ্রীয় ইপিআই স্টোর কিপার | ০১ | | ০১ | | | |
| ১৩. | সাব ইপিআই স্টোর কিপার | ০৬ | | ০৬ | | | |
| ১৪. | ইপিআই সুপারভাইজার | ২০ | | ২০ | | | |
| ১৫. | স্বাস্থ্যসহকারী | ২১৬ | ৩৮ | ১৭৮ | স্থায়ী (স্যানিটারী পরিদর্শক দায়িত্ব প্রাপ্ত- ০৩ জন, রাজস্ব শাখায়- ০২ | ইপিআই কাজে মাঠ পর্যায়ে কর্মরত মিট ইন্সপেক্টর - ৩ জন, আদায়কারী- ৪ জন, | স্থায়ী ১জন পিআর এল |

| ক্রমিকি নং | পদের নাম ও সংখ্যা | মোট | স্থায়ী | অস্থায়ী | বেতন এই শাখাতে কিন্তু কর্মরত আছে অন্য শাখায় (সংখ্যা) (যদি থাকে) | বেতন অন্য শাখাতে কিন্তু কর্মরত আছে এই শাখাতে (সংখ্যা) (যদি থাকে) | মন্তব্য |
|---|---|---|---|---|---|---|---|
| | | | | | জন, ওয়ার্ড সচিব হিসাবে দায়িত্ব প্রাপ্ত- ০১জন, রেকর্ড শাখায়- ০১ জন, প্রশাসনিক শাখা- ০১ জন, সিটি হাসপাতাল শাখায়- ০২ মোট ১০জন) অস্থায়ী (জনসংযোগ শাখায়- ০১ জন, কমিউনিটি ডেভলোপমেন্ট শাখায়- ০১, এবং স্যানিটারী শাখায় ১জন। মোট ৩জন) সর্বমোট =১৩ জন | | ২৩ জন মাঠ পার্যায়ে ৪ জন অফিসে |
| ১৬. | স্বাস্থ্য কর্মী | | ০ | ১২ | | | |
| ১৭. | এম.এল.এস.এস. | ০৮ | ০১ | ০৭ | অস্থায়ী (সিটি হাসপাতাল শাখায় কর্মরত।) মোট ১ জন | | |
| | মোট= | ৩২২ | ৬৩ | ২৫৯ | | | |

সিদ্ধান্ত ঃ জনস্বাস্থ্য বিভাগের আওতায় মোট ৫টি শাখা আছে। যথাক্রমমে ১.স্বাস্থ্য ও সংক্রামক ব্যাধি নিয়ন্ত্রণ শাখা, ২. স্যানিটারী ও পরিবার পরিকল্পনা শাখা, ৩. কসাই খানা শাখা, ৪ জন্ম ও মৃত্যু নিবন্ধন শাখা এবং ৫ সিটি হাসপাতাল শাখা। প্রতিটি শাখার স্থায়ী ও অস্থায়ীসহ লোকবল, কার্যক্রম এবং বাৎসরিক কর্মপরিকল্পনাসহ কালারফুল প্রতিবেদন জনসংযোগ কর্মকর্তার সহযোগিতা নিয়ে বই আকারে প্রস্তুত করে মাননীয় মেয়র মহোদয়কে উপস্থাপনের সিদ্ধান্ত গৃহীত হয়।

আলোচ্যসূচি-৩ ঃ রাজশাহী সিটি কর্পোরেশনে ২০২৩-২০২৪ অর্থ বছরে ২য় কিস্তি ১৩.২৯ (লক্ষ টাকার) বরাদ্দ পাওয়া গেছে। এ বিষয়ে আলোচনা (১ম কিস্তি এবং অন্য কিস্তির বিষয়ে আলোচনা)।

আলোচনা ঃ সভায় সদস্য সচিব রাজশাহী সিটি কর্পোরেশনে ২০২৩-২০২৪ অর্থ বছরে ২য় কিস্তি ১৩.২৯ (লক্ষ টাকার) বরাদ্দ পাওয়া গেছে বলে সভাকে জানান। তিনি আরও জানান যে, ইপিআই কার্যক্রমে শিশুদের টিকার মোট ডোজ ১,৫৯,০৬৪ টি এবং মহিলাদের টিডি টিকার মোট ডোজ ৪৯,৪৪৩ টি। ২০২৪ সালে প্রদান করা হবে।এসকল তথ্যগুলি স্থায়ীভাবে সংরক্ষনের কোন ব্যবস্থা নাই সে কারনে একটি সার্ভার প্রয়োজন। সভাপতি মহোদয় জানান যে, স্বাস্থ্য বিভাগের জন্য বরাদ্দকৃত অর্থ স্বাস্থ্য বিভাগের বিভিন্ন কাজে ব্যবহারের জন্য বাজেট কাম হিসাব রক্ষণ কর্মকর্তাকে অনুরোধ করেন।

সিদ্ধান্ত ঃ স্বাস্থ্য কার্যক্রমের জন্য বরাদ্দ প্রাপ্ত অর্থ স্বাস্থ্য কমিটিকে অবগত করে স্বাস্থ্য বিভাগে ব্যবহার করার জন্য বাজেট কাম হিসাব রক্ষণ কর্মকর্তাকে অনুরোধ করে সিদ্ধান্ত গৃহীত হয়।

আলচ্যসূচি -৪ ঃ শিক্ষা কার্যক্রম

আলোচনা ঃ সভায় শিক্ষা কার্যক্রম নিয়ে আলোচনা হয়। জনাব শরিফুল ইসলাম বাবু, সম্মানিত কাউন্সিলর ওয়ার্ড নং ১২ জানান যে ৩০টি ওয়ার্ডের মধ্যে ২০টি ওয়ার্ডে সিটি কর্পেরেশন কর্তৃক (এসবিকে এবং প্রি স্কুলিং) শিক্ষা কার্যক্রম ৩৯জন শিক্ষিকার মাধ্যমে প্রায় ১২০০ জনের অধিক ছাত্রছাত্রী নিয়ে ২০টি ওয়ার্ডে পরিচালিত হচ্ছে। এর মধ্যে ১০টি বাসাবাড়ী ভাড়া ও ১০টি প্রাইমারী বিদ্যালয়ের মাধ্যমে বিনামুল্যে শিক্ষা কার্যক্রম পরিচালিত হচ্ছে। শিক্ষিকাদের বেতন বৃদ্ধির জন্য আবেদন আছে।

সভাপতি মহোদয় ৩০টি ওয়ার্ডে উক্ত কার্যক্রম পরিচালনার জন্য মাননীয় মেয়র মহোদয়কে অনুরোধ জানাবেন বলে ব্যক্ত করেন।

শিক্ষা কার্যক্রম পরিচালনার জান্য কোন খাতে কিভাবে কত ব্যয় হয় তার খাতভিত্তিক প্রয়োজনীয় চাহিদা প্রস্তুত করে এই কমিটিকে উপস্থাপনের জন্য নির্দেশনা প্রদান করেন। যে সব স্কুল ভাড়ায় পরিচালিত হচ্ছে তা নিকটস্থ বিদ্যালয়ে স্থানান্তরের ব্যবস্থা নেয়ার পরমার্শ দেন।

সমাজের আগ্রহী ধনী ব্যক্তিবর্গকে এ কাজে সম্পৃক্ত হবার জন্য আহ্বান করা যেতে পারে।

সিদ্ধান্ত ঃ আগামীতে মাননীয় মেয়র মহোদয়ের সাথে আলোচনা সাপেক্ষে ৩০টি ওয়ার্ডে উক্ত কার্যক্রম পরিচালনাসহ শিক্ষিকাদের বেতন সমন্বয় ও নিকটস্থ বিদ্যালয়ে স্থানান্তররের জন্য প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহনের সিদ্ধান্ত গৃহীত হয়।

**বিবিধ ঃ ১) সিটি হাসপাতাল**

সভায় সিটি হাসপাতালের জনবল সর্ম্পকে সদস্য সচিব জানান যে বর্তমানে নিম্নলিখিত জনবল অনুযায়ী সিটি হাসপাতাল পরিচালিত হচ্ছে।

| ক্রমিক | পদের নাম ও সংখ্যা | মঞ্জুরী | কর্মরত | | শূণ্য | বেতন এই শাখাতে কিন্ত কর্মরত অন্য শাখায় | বেতন অন্য শাখাতে কিন্ত কর্মরত এই শাখায় | মন্তব্য |
|---|---|---|---|---|---|---|---|---|
| | | | স্থায়ী | অস্থায়ী | | | | |
| ১. | আবাসিক চিকিৎসক (এমবিবিএস) | | ০১ | ০০ | - | | | হাসপাতালের ইনচার্জ |

| | | | | | | | | |
|---|---|---|---|---|---|---|---|---|
| ২. | মেডিকেল অফিসার (এমবিবিএস) | ০৬ | ০৫ | ০১ | - | | ০১ | গাইনী ও প্রসূতি সেবায় অভিজ্ঞ ডাক্তার ০১ জন প্রয়োজন |
| ৩. | ডেন্টাল সার্জন(বিডিএস) | ০১ | - | ০১ | - | - | | |
| ৪. | মেডিকেল অফিসার, চক্ষু | ০১ | - | - | ০১ | - | - | |
| ৫. | উপ-সহকারী কমিউনিটি মেডিকেল অফিসার | ০১ | - | ০১ | - | - | - | |
| ৬. | ফার্মাসিষ্ট (ডিপ্লোমা) | ০২ | ০১ | - | ০১ | - | - | |
| ৭. | প্রশাসনিক কর্মকর্তা | ০১ | ০১ | - | - | - | ০১ | স্বাস্থ্য শাখা হতে নিযুক্ত |
| ৮. | ল্যাব টেকনিশিয়ান (ডিপ্লোমা) | ০২ | ০১ | - | ০১ | - | - | |
| ৯. | কম্পিউটার অপারেটর | ০১ | - | ০২ | - | - | ০২ | প্রশাসনিক ও চিড়িয়াখানা শাখা হতে নিযুক্ত তবে ০১ জন কম্পিউটার পরিচালনায় অপারগ |
| ১০. | সহকারী টেকনিশিয়ান, ওটি | ০২ | - | - | ০২ | - | - | |
| ১১. | ষ্টাফনার্স (ডিপ্লোমা) | ০৬ | - | ০৪ | ০২ | - | - | |
| ১২. | স্টোর কিপার | ০১ | ০১ | - | - | - | ০১ | প্রশাসনিক শাখা হতে নিযুক্ত |
| ১৩. | অফিস সহকারী কাম কম্পিউটার মুদ্রাক্ষরিক | ০১ | - | ০৩ | - | - | ০৩ | ০২ জন টিকিট কাউন্টার ও ০১ জন প্রশাসনিক শাখায় কর্মরত |
| ১৪. | স্বাস্থ্য সহকারী(সেবিকা/মাঠকর্মী) | ১০ | - | ০২ | ০৮ | ০১ | - | ০১ জন ১ নং ওয়ার্ডে ও ০২ জন অত্র হাসপাতালে কর্মরত আছে |
| ১৫. | কাউন্সিলর | ০২ | - | ০২ | - | - | - | |
| ১৬. | এ্যাম্বুলেন্স ড্রাইভার | ০২ | - | ০১ | | | ০১ | পরিবহন শাখা হতে নিযুক্ত |
| ১৭. | হোমিও ডাক্তার | ০১ | - | - | ০১ | - | - | |
| ১৮. | রিসিপসনিষ্ট | ০১ | - | - | ০১ | - | - | |
| ১৯. | টিকিট মাষ্টার | ০২ | - | - | ০২ | - | | অফিস সহকারী ০২ জন টিকিট কাউন্টারে কর্মরত |
| ২০. | এ্যাম্বুলেন্স এটেনডেন্স | ০২ | - | - | - | - | - | |
| ২১. | ওয়ার্ডবয় | ০২ | - | ০১ | ০১ | - | - | |
| ২২. | ষ্ট্রেচার বয় | ০২ | - | ০১ | ০১ | - | ০১ | প্রশাসনিক শাখা হতে নিযুক্ত |
| ২৩. | আয়া | ০৬ | - | ০২ | ০৪ | - | - | |
| ২৪. | গার্ড | ০৪ | - | - | ০৪ | | | ০৩ শিফটে কর্পোরেশনের নিরাপত্তা শাখা হতে নিযুক্ত |
| ২৫. | ভ্যান চালক | ০১ | - | - | ০১ | - | - | |
| ২৬. | ক্লিনার | ০৪ | - | ০৩ | ০১ | - | - | |
| ২৭. | সাধারণ শ্রমিক | ০৪ | - | - | ০৪ | - | - | |
| ২৮. | কম্পাউন্ডার (চিড়িয়াখানা) | | - | ০১ | | | | চিড়িয়াখানা শাখা হতে নিযুক্ত |
| ২৯. | ইলেক্ট্রিশিয়ান | | - | ০১ | | | ০১ | বিদ্যুৎ শাখা হতে নিযুক্ত |
| ৩০. | এম.এল.এস.এস | | ০১ | ০১ | - | | ০২ | ০১ জন প্রশাসন ও ০১ জন স্বাস্থ্য শাখা হতে নিযুক্ত |
| ৩১. | মালি | | | | - | | | মালির কাজে অভিজ্ঞ সম্পন্ন ০১ জন প্রয়োজন |
| ৩২. | অনকল চিকিৎসক | | - | - | - | | | ইনডোরের ৩০/৩১টি গাইনি এবং অবস পরিচালনার জন্য অনকল । |
| মোট জনবল | | ৬৮ | ১০ | ২৮ | ৩৪ | ০১ | ১৩ | |

সর্বমোট জনবল (স্থায়ী ১০ জন+অস্থায়ী ২৮ জন) = ৩৮ জন।
বেতন এই শাখাতে কিন্তু কর্মরত স্বাস্থ্য শাখায় = ০১ জন।
বেতন অন্য শাখাতে কিন্তু কর্মরত এই শাখায় = ১৩ জন।

সভাপতি মহোদয় আরও জানান যে সিটি হাসপাতালে গতকাল সদস্য সচিব ডাঃ এফএএম আঞ্জুমান আরা বেগম ২টি সিজার সুষ্ঠভাবে সম্পন্ন করার মাধ্যমে ইনডোর কার্যক্রমে সিজারিয়ান সেবা শুরু হওয়ায় মাননীয় মেয়র মহোদয় সন্তোস প্রকাশ করেন। সভায় সদস্য সচিব জানান যে, আগামী মাসে গাইনি এবং অবস ইউনিট সার্বক্ষনিকভাবে চালু হবে ।

সে লক্ষ্যে ৬২টি ডিউটি অনুমোদন করা প্রয়োজন যার প্রতিটি ডিউটি ডাক্তারের সম্মানী ১,২০০ (এক হাজার দুইশত মাত্র) হরে ধার্য করা যেতে পারে। তিনি আরো জানান যে সিটি হাসপাতালের জন্য ওটি আধুনিক লাইট,ইনডোরের ওষুধ,আলট্রাসোনো মেশিন মেরামত/নতুন ক্রয়,অটো এনালাইজার মেশিন ক্রয়,এক্সরে মেশিন ক্রয় করা প্রয়োজন।

সিদ্ধান্তঃ হাসপাতালের জন্য জরুরী ভিত্তিতে প্রয়োজনীয় সকল উপকরণ সরবরাহ এবং প্রতিমাসে ডিউটি ডাক্তার হিসাবে ৬০ ডিউটি যার সম্মানী ১২০০/- হারে অনুমোদনের ব্যবস্থা গ্রহনের জন্য সিদ্ধান্ত গৃহীত হয়।



## ২) এমআর লাইসেন্স গ্রহনকারী প্রতিষ্ঠানে কার্যক্রম সর্ম্পকে অবগতিঃ

সভাপতি বলেন, যে সকল স্বাস্থ্য সেবাদানকারী প্রতিষ্ঠান যেমন ক্লিনিক,ডায়াগনষ্টিক সেন্টার এমআর লাইসেন্স গ্রহন করে তাদের কার্যক্রম সর্ম্পকে আমরা সম্পূর্ন অবগত নই। তাদের কোনরুপ অসুবিধা বা অভিযোগ থাকলে সে বিষয়ে আমাদের জানা প্রয়োজন তাই ক্লিনিক মালিক সমিতির প্রতিনিধি বর্গের সাথে সভা করা প্রয়োজন।

সিদ্ধান্ত ঃ এ বিষয়ে অবগতির জন্য উক্ত সমিতির সভাপতি ও সেক্রেটারী ও ক্লিনিক মালিকদের প্রতিনিধিবৃন্দদের নিয়ে আলোচনা করার সিদ্ধান্ত গৃহীত হয়।

## ৩) স্থায়ী কমিটিতে সদস্য অন্তর্ভুক্তিকরণঃ

সভাপতি মহোদয় সভাকে জানান যে, সিটি হাসপাতাল, রাজশাহী মেডিক্যাল কলেজ হাসপাতাল ও অন্যান্য প্রাইভেট স্বাস্থ্যসেবাদানকারী প্রতিষ্ঠানগুলি যাথক্রমে ২৫ ও ৮ নং ওয়ার্ডে অবস্থিত তাই স্বাস্থ্যসেবা কার্যক্রম সুষ্ঠ ভাবে পরিচালনার স্বার্থে উক্ত ওয়ার্ডের সম্মানিত কাউন্সিলর মহোদয়গনকে স্বাস্থ্য স্থায়ী কমিটিতে অন্তর্ভুক্ত করা প্রয়োজন।

সিদ্ধান্তঃ ২৫ ও ৮ নং ওয়ার্ডের সম্মানিত কাউন্সিলর মহোদয়গনকে স্বাস্থ্য স্থায়ী কমিটিতে অন্তর্ভুক্তির প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহনের জন্য মাননীয় মেয়র মহোদয়কে সুপারিশ করার সিদ্ধান্ত গৃহীত হয়।

**৪) স্বাস্থ্য বিভাগের কার্যক্রমঃ**

স্বাস্থ্য বিভাগের সকল শাখার কার্যক্রম আরও বেশি গতিশীল করতে সভাপতি মহোদয় দৃঢ় প্রত্যয় ব্যক্ত করেন। এছাড়াও সকল বিভাগের মধ্যে সমন্বয় সাধন করা প্রয়োজন। এবিষয়ে সভাপতি মহোদয় আরো বলেন যে জন্ম-মৃত্যু নিবন্ধন করার হার অনেক ওয়ার্ডে এখনো শতকরা হার অনেক নিম্নে তাই এর হার উন্নত করার জন্য জরুরী ভিত্তিতে একটি সভা করা প্রয়োজন। তিনি আরো বলেন যে ওয়ার্ড পর্যায়ে অনেক বয়স্ক স্বাস্থ্য সহকারি আছেন যারা টিকা দিতে অক্ষম। একারণে সিটি কর্পোরেশনের সেবার মান ক্ষুন্ন হচ্ছে।

সিদ্ধান্ত ঃ আগামী ৪ ফেব্রুয়ারী ২০২৪ তারিখে জন্ম-মৃত্যু নিবন্ধন কমিটির সভা এ্যানেক্স ভবনে আয়োজন করা এবং উক্ত সভায় সম্মানিত সকল ওয়ার্ড কাউন্সিলর মহোদয়, সকল শাখা প্রধান, ওয়ার্ড সচিব, ডাটা এন্ট্রি অপারেটর, এবং সকল টিমলিডারগনকে উপস্থিত হবার জন্য অনুরোধ করে সিদ্ধান্ত গৃহীত হয়।

মাঠ পর্যায়ে যে সকল কর্মী ৬০ বছরের উর্ধে এবং শারীরিক ভাবে দূর্বল তাদের তালিকা প্রস্তত করার সিদ্ধান্ত গৃহীত হয়।

**৫)১১ নং ওয়ার্ডস্থ পিএইচসি সেন্টার ব্যবহার বিষয়ক ঃ**

সভাপতি মহোদয় জানান যে,রাজশাহী সিটি কর্পোরেশনের সাথে "সোনার বাংলা নামক "একটি এনজিও হাউস নং ২৩/৬,রুপায়ন সেলফোর্ড (লেভেল-৫),মীরপুর রোড,শ্যামলী,ঢাকা'র সাথে এম ও ওউ স্বাক্ষরিত হয়েছে। উক্ত এনজিওটি **১১** নং পিএইচসি সেন্টারটিতে **কমপ্রিহেনসিভ কিডনি এন্ড স্পেশালাইজড হসপিটাল** করবে বলে জানান।

সিদ্ধান্ত ঃ উক্ত সোনার বাংলা এনজিওর স্বাস্থ্য সেবা সহ অন্যান্য কার্যক্রম সরেজমিনে পরিদর্শন করে মতবিনিময়ের সিদ্ধান্ত গৃহীত হয়।

**৬) ইউপিএইচসিএসডিপি - ২য় পর্যায় নারী মৈত্রী এ্যাম্বুলেন্স মেরামত প্রসঙ্গেঃ**

সদস্য সচিব সভাকে জানান যে, গত ২০০৭ সালে নগর মাতৃসদনে ব্যবহারের জন্য **১**টি এ্যাম্বুলেন্স পাওয়া যায়। বর্তমানে এ্যাম্বুলেন্স টি মেরামত করা প্রয়োজন এ বিষয়ে মাননীয় মেয়র মহোদয় বরাবর একটি আবেদন জানানো হয়েছে।

সিদ্ধান্তঃ সিটি কর্পোরেশন হতে উক্ত এ্যাম্বুলেন্সটি জরুরী ভিত্তিতে মেরামতের জন্য সুপারিশ করে সিদ্ধান্ত গৃহীত হয়।

আর কোন আলোচনা না থাকায় সভাপতি সকলকে ধন্যবাদ জানিয়ে সভা শেষ করেন।

সভাপতি
শিক্ষা, স্বাস্থ্য, পরিবার পরিকল্পনা এবং
স্বাস্থ্য রক্ষা ব্যবস্থা স্থায়ী কমিটি
রাজশাহী সিটি কর্পোরেশন।



স্মারক নং- ৪৬.১২.৫০৮১.০০৮.০৬.০০৪.১৭. তারিখ ঃ

অনুলিপি ঃ সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য প্রেরিত হলো।

১। সম্মানিত কাউন্সিলর, সাধারণ ও য়ার্ড/ সংরক্ষিত আসন নং- , রাজশাহী সিটি কর্পোরেশন।
২। জনাব ........................................ বিভাগীয় প্রধান/শাখা প্রধান, রাসিক।
৩। মাননীয় মেয়র মহোদয়ের সদয় অবগতির জন্য তাঁর একান্ত সচিব, রাজশাহী সিটি কর্পোরেশন।
৪। প্রধান নির্বাহী কর্মকর্তা'র সদয় অবগতির জন্য তাঁর ব্যক্তিগত সহকারী, রাজশাহী সিটি কর্পোরেশন।
৫। সচিব'র সদয় অবগতির জন্য তাঁর ব্যক্তিগত সহকারী, রাজশাহী সিটি কর্পোরেশন।
৬। অফিস নথি।

সদস্য সচিব
শিক্ষা, স্বাস্থ্য, পরিবার পরিকল্পনা এবং
স্বাস্থ্য রক্ষা ব্যবস্থা কমিটি
ও

প্রধান স্বাস্থ্য কর্মকর্তা
রাজশাহী সিটি কর্পোরেশন।

**পরিশিষ্ট “ক”**

১। জনাব মোঃ তৌহিদুল হক ( সুমন ), সম্মানিত কাউন্সিলর, ওয়ার্ড- ১৯ ও সভাপতি, শিক্ষা, স্বাস্থ্য, পরিবার পরিকল্পনা এবং স্বাস্থ্য রক্ষা ব্যবস্থা স্থায়ী কমিটি, রাজশাহী সিটি কর্পোরেশন।

২। জনাব মোঃ সরিফুল ইসলাম বাবু. সম্মানিত কাউন্সিলর, ওয়ার্ড নং- ১২ ও সদস্য, শিক্ষা, স্বাস্থ্য, পরিবার পরিকল্পনা এবং স্বাস্থ্য রক্ষা ব্যবস্থা স্থায়ী কমিটি, রাজশাহী সিটি কর্পোরেশন।

৩। জনাব মোঃ আকতারুজ্জামান, সম্মানিত কাউন্সিলর, ওয়ার্ড-২৬ সদস্য, ও সদস্য, শিক্ষা, স্বাস্থ্য, পরিবার পরিকল্পনা এবং স্বাস্থ্য রক্ষা ব্যবস্থা স্থায়ী কমিটি, রাজশাহী সিটি কর্পোরেশন।

৪। জনাব মোসাঃ সেবুন নেসা, সম্মানিত কাউন্সিলর, সংরক্ষিত আসন নং -৩ সদস্য, ও সদস্য, শিক্ষা, স্বাস্থ্য, পরিবার পরিকল্পনা এবং স্বাস্থ্য রক্ষা ব্যবস্থা স্থায়ী কমিটি, রাজশাহী সিটি কর্পোরেশন।

৫। জনাব মোসাঃ আলফাতুন নেসা, সম্মানিত কাউন্সিলর, সংরক্ষিত আসন নং-০৪, সদস্য, শিক্ষা, স্বাস্থ্য, পরিবার পরিকল্পনা এবং স্বাস্থ্য রক্ষা ব্যবস্থা স্থায়ী কমিটি, রাজশাহী সিটি কর্পোরেশন।

৬। জনাব ডাঃ এফ এ এম আঞ্জুমান আরা বেগম, প্রধান স্বাস্থ্য কর্মকর্তা ও সদস্য সচিব, শিক্ষা, স্বাস্থ্য, পরিবার পরিকল্পনা এবং স্বাস্থ্য রক্ষা ব্যবস্থা স্থায়ী কমিটি, রাজশাহী সিটি কর্পোরেশন।